



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
তুলা উন্নয়ন বোর্ড
প্রশিক্ষণ শাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৪.২৫.৩১২.১৮.৩৭

তারিখ: ২৩ মাঘ ১৪২৬

০৬ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: ২০১৯-২০ অর্থবছরে রাজস্ব বাজেটের অর্থায়নে ০১ (এক) দিনব্যাপি কর্মশালার আয়োজন প্রসঙ্গে
।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থ বছরে রাজস্ব বাজেটের অর্থায়নে তুলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও বাজারজাতকরণসহ এতদসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সমস্যা চিহ্নিতকরণ ও উত্তরণের দিক নির্দেশনার প্রয়োজনে তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা, বিজ্ঞানী, সম্প্রসারণকর্মী, তুলা গবেষণা, উৎপাদন, বাজারজাতকরণ ও ব্যবহারের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি সমন্বয়ে ০১ (এক) দিনব্যাপী ০৫ (পাঁচ) টি জোনে ০৫ (পাঁচ) টি কর্মশালা অনুষ্ঠিত হবে। এতদসঙ্গে সংযুক্ত ব্যয় বিভাজন, লক্ষ্যমাত্রা এবং নিম্নবর্ণিত নির্দেশনা অনুযায়ী কর্মশালার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। কর্মশালা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবে না।

কর্মশালা সংক্রান্ত নির্দেশনা :

১। প্রতিটি কর্মশালায় ময়মনসিংহ, বগুড়া ও যশোর জোনে ১০০ (একশত) জন, ঢাকা জোনে ৭০ (সত্তর) জন এবং বান্দরবান জোনে ৫০ (পঞ্চাশ) জন অংশগ্রহনকারীর উপস্থিতি নিশ্চিত করতে হবে।

২। Mutimedia Projector, Power Point Presentation এর মাধ্যমে কর্মশালার বিভিন্ন বিষয় উপস্থাপন করতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে দক্ষতা সম্পন্ন বিশেষজ্ঞ পর্যায়ের কর্মকর্তাদের রিসোর্স পারসন হিসাবে রাখতে হবে।

৩। ০১ (এক) দিনব্যাপি কর্মশালায় গ্রুপ ভিত্তিক সমস্যা ও সমাধান চিহ্নিত করে দিকনির্দেশনা প্রস্তুত করতে হবে। সংযুক্ত বিভাজন অনুযায়ী কর্মশালার জন্য ব্যয় করতে হবে।

৪। কর্মশালা অনুষ্ঠানে যোগদানকারীগণের তালিকা সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ করতে হবে।

৫। কর্মশালা অনুষ্ঠানের শেষে তথ্যাদি ও অংশগ্রহনকারীদের প্রতিক্রিয়াসহ বিস্তারিত প্রতিবেদন নিবাহী পরিচালক বরাবরে প্রেরণ করতে হবে।

৬। কর্মশালার অনুষ্ঠানের ব্যানার ও সামগ্রীতে তুলা উন্নয়ন বোর্ডের রাজস্ব বাজেটের অর্থায়নে নাম উল্লেখ থাকতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৬-২-২০২০

ড. মোঃ ফরিদ উদ্দিন
নির্বাহী পরিচালক

বিতরণ :

- ১) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার দপ্তর, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, ঢাকা জোন, ঢাকা
- ২) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ
- ৩) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া
- ৪) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, বান্দরবান জোন, বান্দরবান।
- ৫) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার দপ্তর, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, যশোর জোন, যশোর

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৪.২৫.৩১২.১৮.৩৭/১(১৯)

তারিখ: ২৩ মাঘ ১৪২৬
০৬ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ২) আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা (আপনাকে উক্ত অফিস আদেশটি তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩) উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)
- ৪) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল)
- ৫) তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)



৬-২-২০২০

মুহাম্মদ মোফাজ্জল হোসেন
তুলা উন্নয়ন কর্মকর্তা